

অসম B1 DEC 1986

... 4 ...

উপজেলা পরিষদ

କାଟିପୁର

সিরাজগঞ্জ, ২০ ডিসেম্বর
(সংবাদদাতা)।— সিরাজগঞ্জ জেলা
সদরের ১৮ মাইল উত্তরে উপজেলা
কাজিপুর। যমুনার করাল গ্রামে কাজিপুর
নিশ্চিহ্ন— উপজেলা কার্যালয় অবস্থান
করছে মেঘাই-নামক স্থানে।
কাজিপুর উপজেলার আয়তন ১৪৩
বর্গমাইল। লোক সংখ্যা ২ লাখ, ১২
হাজার, চশি ১০ জন। ইউনিয়ন সংখ্যা
১১টি, গ্রামের সংখ্যা ২০০টি, মৌজা
১১৮টি।

কাজিপুর উপজেলার জনসাধারণ কৃষি
জমির উপর নির্ভরশীল। কিন্তু যমুনার
ভাঙ্গনে বহু কৃষক ভূমিহীন হয়ে পড়েছে।
চাষাবাদ
বিভিন্ন মুখ্য ফসলের জন্য কাজিপুর
বিখ্যাত। প্রায় সারা বছরই বিভিন্ন রকমের
অর্থকরী ফসল উৎপন্ন হয়। এখানকার
মাটি পলি দো-আঁশ যুক্ত। প্রতিবছরই
বন্যায় পলি পড়ে জমির উর্বরা শক্তি বৃদ্ধি
করে। কাজিপুরের প্রধান উৎপন্ন ফসলের
মধ্যে রয়েছে ধান, পাট, গম, ঘব; সরিষা
ও কলাই। এতদ্বারালে প্রচুর সাদা কচুর
চাষ হয়। কাজিপুর উপজেলার চাষীরা
দাকুণ পরিশ্রমী।

ଯୋଗୀଯୋଗ

উপজেলা পদ্ধতি প্রণয়নের ফলে
কাজিপুরের যোগাযোগ ব্যবস্থা পূর্বের
চেয়ে যথেষ্ট উন্নতি লাভ করেছে। পায়ে
ইটা, নৌপথে চলাচল ছাড়া বিগত দিনে
কাজিপুর বাসীর গত্যন্তর ছিল না।
ইদানীং সিরাজগঞ্জ থেকে বেশ ক'টি বাস
কাজিপুর রুটে চলাচল করে। কাজিপুরে
পাকা রাস্তার পরিমাণ খুবই কম। পাকা
রাস্তা মাঝত ১২ মাইল, কাঁচা রাস্তা ১১৬

মাইল। পাকা ব্রীজ ৫১টি, কাঠের পুল
১০টি।

শিক্ষা ব্যবস্থা
কাজিপুর উপজেলার শিক্ষা ব্যবস্থা উম্মত।
প্রায় ৩৫ শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষই
শিক্ষার্থীদের শিক্ষার ব্যাপারে যত্নবান।
শিক্ষা প্রতিষ্ঠানগুলোর উম্ময়নমূলক
কাজের বিভিন্ন সমস্যা থাকা সত্ত্বেও
লেখা-পড়ায় ছাত্র-ছাত্রীরা পিছিয়ে নেই।
কাজিপুরে বেসরকারী কলেজ ২টি, হাই
স্কুল ১৪টি, জুনিয়র স্কুল ১১টি, গালস
স্কুল ২টি, সরকারী প্রাইমারী স্কুল ১০৬টি,
বেসরকারী প্রাইমারী স্কুল ৫টি, সিনিয়র
মাদ্রাসা ৫টি ও ফোরকানিয়া মাদ্রাসার
সংখ্যা ১৯টি।

ଚିକିତ୍ସା ବ୍ୟବସ୍ଥା

কাজিপুর উপজেলায় ১টি হাসপাতাল, ৩টি দাতব্য চিকিৎসালয় ও ১টি শিশু ক্লিনিক রয়েছে। কাজিপুরে চিকিৎসা ব্যবস্থা তেমন উন্নতি লাভ করেনি।

ହଟି-ବାଜାର

কাজিপুর উপজেলায় হাট-বাজারের
সংখ্যা মেটি ২৯টি। হাট-বাজারগুলোর
পরিবেশ সুন্দর ও মনোরম। এই
উপজেলার বেশীর ভাগ হাট-বাজার
একসঙ্গে অবস্থিত। উপজেলা প্রতিষ্ঠিত
হবার পর হাট-বাজারগুলোর উন্নতি
হয়েছে।

সংবাদ

কাঞ্জপুর উপজেলার জনসাধারণের
সমবায়ী মনোভাব রয়েছে। এখানে
১২৪টি সমবায় সমিতি রয়েছে। এ-
ছাড়াও এখানে মৎস্য সমবায় সমিতি
রয়েছে তিনি, তাত্ত্বিক সমবায় সমিতি রয়েছে
৮টি।